

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৬৫

আগরতলা, ৮ জানুয়ারি, ২০২৬

বিলোনিয়া মহকুমা হাসপাতালে কন্যা সন্তানের জীবনরক্ষা



বিলোনিয়া মহকুমা হাসপাতালে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের প্রচেষ্টায় সংকটজনক পরিস্থিতি কাটিয়ে উঠল এক শিশু। দক্ষিণ জেলায় বিলোনিয়া মহকুমা হাসপাতালে বীরচন্দ্র মনু এলাকার বাসিন্দা বলরাম দেববর্মার স্ত্রী(৩০)বছর বয়সী গত ৩ জানুয়ারি, ২০২৬ এক শিশু কন্যা সন্তানের জন্ম দিয়েছেন। চিকিৎসা সূত্রে জানা যায়, গত ২৭ ডিসেম্বর, ২০২৫ প্রসূতির সন্তান প্রসবের সম্ভাব্য তারিখ ছিল। কিন্তু তার আগেই গর্ভস্থ অ্যামনিওটিক ফ্লুইড বা জল শুকিয়ে যেতে শুরু করে। বিষয়টি পরিবারের পক্ষ থেকে সময় মতো চিকিৎসকদের জানানো হয়নি, যার ফলে পরিস্থিতি ক্রমেই জটিল হয়ে ওঠে। গত ২৭ ডিসেম্বর, ২০২৫ অত্যন্ত সংকটজনক অবস্থায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। ভর্তির পর প্রাথমিকভাবে স্বাভাবিক প্রসবের চেষ্টা করা হলেও দেখা যায়, জ্রণের হৃদস্পন্দন দ্রুত কমে আসছে। আরও বিলম্ব হলে মা ও শিশু-উভয়ের প্রাণহানির আশঙ্কা ছিল। এই পরিস্থিতিতে, প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ স্নেহাংশু দাসের নেতৃত্বে চিকিৎসকরা দ্রুত সিদ্ধান্ত নিয়ে সিজারিয়ান অপারেশন করেন, যা সফলভাবে সম্পন্ন হয়। এই অস্ত্রোপচারটি বিলোনিয়া মহকুমা হাসপাতালে প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ স্নেহাংশু দাস, অ্যানেস্থেসিওলজিস্ট ডাঃ জয়দীপ চৌধুরীর নেতৃত্বে পরিচালিত হয়। তাদের সঙ্গে ওটি অ্যাসিস্ট্যান্ট সুব্রত সাহা, নার্সিং অফিসার সোমা সাহা দত্ত, সুতপা নন্দী দেবনাথ এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীরা ছিলেন। সংকটজনক পরিস্থিতি হাত থেকে মা ও সন্তানকে ফিরিয়ে আনায় রোগীর পরিবার-পরিজনরা বিলোনিয়া মহকুমা হাসপাতালের চিকিৎসক ও সংশ্লিষ্ট সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ জানিয়েছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
